গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মিরপুর,কুষ্টিয়া।
www.mirpur.kushtia.gov.bd

২১ মাঘ ১৪৩০

স্মারক নং- ০৫.৪৪.৫০৯৪.০০০.০৪.০১৭.২৪-৮২(৫০০) তারিখ ঃ-------------------

০৪ ফেব্রুয়ারি ২০২৪

**" বাংলা ১৪৩১ সনের হাট-বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি"**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের ২১ সেপ্টেম্বর ২০১১ খ্রিঃ তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১-৮৭০ নম্বর স্মারকে জারীকৃত সরকারি হাট-বাজার সমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হতে প্রাপ্ত আয় বন্টন সর্ম্পকিত বিদ্যমান নীতিমালা অনুসারে মিরপুর উপজেলা পরিষদের ব্যবস্থাপনাধীনে নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ বাংলা ১৪৩১ সালের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত পূর্ণ ১ (এক) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্তে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্রসমূহ নির্ধারিত তারিখের প্রত্যেক কর্মদিবসে অফিস চলাকালীন সময়ে (১) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মিরপুর, কুষ্টিয়া (২) জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া, (৩) উপজেলা ভূমি অফিস, মিরপুর, কুষ্টিয়া (৪) অফিসার ইনচার্জ, মিরপুর থানা, মিরপুর, কুষ্টিয়া হতে নগদ (অফেরৎযোগ্য) মূল্যে যে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নামে দরপত্র ক্রয় করা যাবে। দরপত্র দাখিলের তারিখে দুপুর ১২:০০ টা পর্যন্ত (১) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মিরপুর, কুষ্টিয়া (২) জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া (৩) সহকারী কমিশনার (ভূমি), মিরপুর, কুষ্টিয়া, (৪) অফিসার ইনচার্জ, মিরপুর থানা, মিরপুর, কুষ্টিয়াতে রক্ষিত টেন্ডারবাক্সে দরপত্র জমা নেয়া হবে এবং একইদিন বেলা ৩:০০ টার সময় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্রবাক্স খোলা হবে। উল্লেখ্য ১ম পর্যায়ে যদি কোন হাট-বাজারের দরপত্র গৃহীত হয় তবে ২য় পর্যায়ে উক্ত হাট-বাজার ইজারা তালিকা হতে বাদ যাবে। প্রত্যেক পর্যায়ে একই নিয়ম প্রযোজ্য হবে। দরপত্র সংক্রান্ত যাবতীয় তথ্যাদি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

## হাট-বাজারের নাম ও দরপত্র মূল্য

| ক্রমিক নং | পৌরসভা /ইউনিয়নের নাম | হাট বাজারের নাম | দরপত্র মূল্য | ১৪৩১ বাংলা সনের কাঙ্খিত সরকারী মূল্য |
|---|---|---|---|---|
| ১ | চিথলিয়া ইউনিয়ন পরিষদ | ১। চিথলিয়া সাপ্তাহিক হাট | ১৮০০ | ৫,২৬,৭০৯/- |
| ২ | বহলবাড়ীয়া ইউনিয়ন পরিষদ | ১। বহলবাড়ীয়া সাপ্তাহিক হাট | ১২০০ | ১,৬০,৯৪৬/- |
| | | ২। খাদিমপুর হাট | ১২০০ | ২,৪৬,৯৮০/- |
| ৩ | তালবাড়ীয়া ইউনিয়ন পরিষদ | ১। নওদা শামুখীয়া হাট | ১০০০ | ১,১৫,০৬১/- |
| ৪ | বারুইপাড়া ইউনিয়ন পরিষদ | ১। মশান হাট | ১৬০০ | ৪,১২,৮৭০/- |
| | | ২। নওপাড়া হাট | ১৬০০ | ২,৩৯,৮৮০/- |
| | | ৩। কেউপুর হাট | ৫০০ | ৪,৫১৬/- |
| | | ৪। সাতগাছী হাট | ১৪০০ | ২,৬১,৩০৭/- |
| ৫ | আমলা ইউনিয়ন পরিষদ | ১। আমলা সাপ্তাহিক হাট | ১২০০ | ১,৯৯,৯৮৭/- |
| | | ২। নিমতলা হাট | ১০০০ | ১,৪৮,৭৮৯/- |
| | | ৩। খয়েরপুর হাট | ৫০০ | ৫৯,৩৬০/- |
| ৬ | সদরপুর ইউনিয়ন পরিষদ | ১। সদরপুর হাট | ৫০০ | ১,৯৫০/- |
| | | ২। কাতলামারী হাট | ৫০০ | ৫৯,৭৮৪/- |
| | | ৩। কাকিলাদহ হাট | ৫০০ | ৭৯,৮৫৩/- |
| | | ৪। বড়বাড়ীয়া নতুন বাজার | ৫৬০০ | ২৯,৪৩,২৬৭/- |
| ৭ | ছাতিয়ান ইউনিয়ন পরিষদ | ১। আটিগ্রাম (গোলাবাড়ী) হাট | ১৪০০ | ১,৫২,৫৫১/- |
| ৮ | পোড়াদহ ইউনিয়ন পরিষদ | ১। পোড়াদহ কাপড়ের হাট | ৯৫০০ | ৪৩,০২,৭১৭/- |
| | | ২। পোড়াদহ সাপ্তাহিক হাট | ৩৬০০ | ১১,১১,৭৮১/- |
| | | ৩। পোড়াদহ তহ বাজার হাট | ৩০০০ | ৮,২৭,০৪৮/- |
| | | ৪। হাজরাহাটি হাট | ১২০০ | ১,৫০,৪১৪/- |
| ৯ | কুর্শা ইউনিয়ন পরিষদ | ১। মাজিহাট হাট | ১৬০০ | ৩,৭৪,৭১৯/- |
| | | ২। কুর্শা হাট | ১২০০ | ১,৬২,০৯২/- |
| | | ৩। ইশালমারী হাট | ১২০০ | ১,০৯,৫৩৩/- |
| ১০ | মালিহাদ ইউনিয়ন পরিষদ | ১। মালিহাদ হাট | ৫০০ | ৪৯৮৯/- |
| | | ২। গোপীনাথপুর হাট | ৫০০ | ২৩,৩৬১/- |
| | | ৫। রাজনগর শান্তি বাজার হাট | ৫০০ | ২৯,৬৮০/- |
| | | ৬। চকহাড়দি বাজার হাট | ৫০০ | ২৩,৩২০/- |
| ১১ | আমবাড়ীয়া ইউনিয়ন পরিষদ | ১। হালসা সাপ্তাহিক হাট | ২৫০০ | ৭,২৯,৬৩৩/- |

## মূল্যায়নের তফশিল

| পর্যায় | দরপত্র বিক্রয়ের তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র বাক্স খোলার সময় ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ম | ২৭-০২-২০২৪ থেকে ০৬-০৩-২০২৪ পর্যন্ত | ০৭-০৩-২০২৪<br>দুপুর ১:০০ টা পর্যন্ত | ০৭-০৩-২০২৪<br>বিকাল ৩:০০ টা | - |
| ২য় | ১২-০৩-২০২৪ থেকে ১৮-০৩-২০২৪ পর্যন্ত | ১৯-০৩-২০২৪<br>দুপুর ১:০০ টা পর্যন্ত | ১৯-০৩-২০২৪<br>বিকাল ৩:০০ টা | ১ম পর্যায়ে অ-ইজারাকৃত হাটের জন্য |
| ৩য় | ২৪-০৩-২০২৪ থেকে ২৭-০৩-২০২৪ পর্যন্ত | ২৮-০৩-২০২৪<br>দুপুর ১:০০ টা পর্যন্ত | ২৮-০৩-২০২৪<br>বিকাল ৩:০০ টা | ২য় পর্যায়ে অ-ইজারাকৃত হাটের জন্য |

CS CamScanner

## শর্তাবলী

০১। বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র ১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হবে।

০২। দরপত্র দাতাকে দরপত্রের সাথে দাখিলকৃত দরের ৩০%(ত্রিশ ভাগ), ১৫% (পনের ভাগ) মূল্য সংযোজন কর (ভ্যাট), ১০%(দশ ভাগ) আয়কর এবং ৫%(পাঁচ ভাগ) জামানত হিসেবে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে যে কোন তফশিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে (দাখিলকৃত দরের ৩০% অর্থ ১টি পৃথক ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে এবং ১৫% ভ্যাট, ১০% আয়কর, ৫% জামানতের অর্থ একত্রে অপর ১টি ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে যা সিডিউলে পৃথক পৃথক ভাবে উল্লেখ করতে হবে)। উক্ত টাকা হতে ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহিতা নিয়মিত হাট/বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জামাকারীর বরাবর প্রত্যার্পণ করা হবে।

০৩। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারী মূল্যের কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

০৪। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবেনা। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবেনা। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবেনা।

০৫। খামের উপরে দরপত্র দাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৬। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

০৭। প্রত্যেক হাট-বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে। এছাড়া ক্রয়কৃত সিডিউলের মূল্য অফেরতযোগ্য হিসেবে বিবেচিত হবে।

০৮। ইজারাদার কোন ক্রমেই হাট/বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেনা। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

০৯। দরপত্র অনুমোদনের ৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১০। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।

১২। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৩। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণ যোগ্য হবেনা।

১৪। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১৫। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৬। হাট-বাজারের টাকা সরকারি দাবি আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। দরদাতাকে দরপত্রের সাথে অবশ্যই জাতীয় পরিচয় পত্রের ছায়ালিপি দাখিল করতে হবে।

১৮। সরকারী স্বার্থ রক্ষার্থে প্রয়োজনে কর্তৃপক্ষ নতুনভাবে যে কোন শর্তাবলী আরোপ করতে পারবে।

১৯। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৪.০২.২৪
মোঃ জহুরুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
মিরপুর, কুষ্টিয়া।
unomirpur@gmail.com

স্মারকনংঃ ০৫.৪৪.৫০৭৪.০০০.০৪.০১৭.২৪-৮২ (৫০০)

২১ মাঘ ১৪৩০
তারিখ ঃ------------------
০৪ ফেব্রুয়ারী ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৪। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
৫। পুলিশ সুপার, কুষ্টিয়া।
৬। সিভিল সার্জন, কুষ্টিয়া।
৭। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুষ্টিয়া।
৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মিরপুর/কুষ্টিয়া সদর/কুমারখালী/খোকসা/ভেড়ামারা/দৌলতপুর, কুষ্টিয়া।
৯। উপজেলা নির্বাহী অফিসার, কুষ্টিয়া সদর/কুমারখালী/খোকসা/ভেড়ামারা/দৌলতপুর, কুষ্টিয়া।
১০। মেয়র, মিরপুর পৌরসভা।
১১। সহকারী কমিশনার (ভূমি), কুষ্টিয়া সদর/কুমারখালী/খোকসা/ভেড়ামারা/দৌলতপুর/মিরপুর, কুষ্টিয়া।
১২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, মিরপুর থানা, মিরপুর, কুষ্টিয়া।
১৩। চেয়ারম্যান ......................................... (সকল) ইউনিয়ন পরিষদ, মিরপুর,কুষ্টিয়া। তাকে তার এলাকায় হাট-বাজারে মাইক, ঢোল-সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য বলা হলো।
১৪। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,............................ ইউনিয়ন ভূমি অফিস। তাকে তার এলাকায় হাট-বাজারে মাইক, ঢোল-সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারে জন্য বলা হলো।
১৫। সম্পাদক, দৈনিক ভোরের ডাক, মেহেরবা প্লাজা ৩৩ তোপখানা রোড, ঢাকা-১০০০ কে আগামী ০৮-০২-২০২৪ তারিখ তাঁর পত্রিকায় ভিতরের পাতায় ৩(তিন) কলামে স্বল্প পরিসরে শুধুমাত্র এক দিন প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৬। সম্পাদক, দৈনিক আরশীনগর, পূর্ব মজমপুর, সাদ্দাম বাজার কুষ্টিয়া কে আগামী ০৮-০২-২০২৪ তারিখ তাঁর পত্রিকায় ভিতরের পাতায় ৩ (তিন) কলামে স্বল্প পরিসরে শুধুমাত্র একদিন প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৭। মিষ্টি ডেকোরেশন, মিরপুর, কুষ্টিয়াকে বিজ্ঞপ্তিটি মাইকিং করে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৮। জনাব ..........................................................পিতা........................................................
সাং.........................................................ডাকঘর............................................
১৯। অফিস কপি।

০৪.০২.২৪
উপজেলা নির্বাহী অফিসার
মিরপুর, কুষ্টিয়া।

CamScanner

## শর্তাবলী

০১। বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র ১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হবে।

০২। দরপত্র দাতাকে দরপত্রের সাথে দাখিলকৃত দরের ৩০%(ত্রিশ ভাগ), ১৫% (পনের ভাগ) মূল্য সংযোজন কর (ভ্যাট), ১০%(দশ ভাগ) আয়কর এবং ৫%(পাঁচ ভাগ) জামানত হিসেবে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে যে কোন তফশিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে (দাখিলকৃত দরের ৩০% অর্থ ১টি পৃথক ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে এবং ১৫% ভ্যাট, ১০% আয়কর, ৫% জামানতের অর্থ একত্রে অপর ১টি ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে যা সিডিউলে পৃথক পৃথক ভাবে উল্লেখ করতে হবে)। উক্ত টাকা হতে ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহিতা নিয়মিত হাট/বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যার্পণ করা হবে।

০৩। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারী মূল্যের কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

০৪। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবেনা। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবেনা। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবেনা।

০৫। খামের উপরে দরপত্র দাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৬। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

০৭। প্রত্যেক হাট-বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করেত হবে। এছাড়া ক্রয়কৃত সিডিউলের মূল্য অফেরতযোগ্য হিসেবে বিবেচিত হবে।

০৮। ইজরাদার কোন ক্রমেই হাট/বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেনা। যদি অনুরুপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

০৯। দরপত্র অনুমোদনের ৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজরাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১০। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।

১২। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৩। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণ যোগ্য হবেনা।

১৪। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১৫। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৬। হাট-বাজারের টাকা সরকারি দাবি আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। দরদাতাকে দরপত্রের সাথে অবশ্যই জাতীয় পরিচয় পত্রের ছায়ালিপি দাখিল করতে হবে।

১৮। সরকারী স্বার্থ রক্ষার্থে প্রয়োজনে কর্তৃপক্ষ নতুনভাবে যে কোন শর্তাবলী আরোপ করতে পারবে।

১৯। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৪.০২.২৪

মোঃ জহুরুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
মিরপুর, কুষ্টিয়া।
unomirpur@gmail.com

CamScanner